

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

পরিচালকের কার্যালয়  
প্রশিক্ষণ পরিদপ্তর, পাউবো  
রহমান চেম্বার (৮ম তলা)  
১২-১৩ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০  
ফোন : ৯৫৫৪০৭৯



Office of the Director  
Dte. of Training, BWDB  
Rahman Chamber (7<sup>th</sup> Floor)  
12-13 Motijheel, Dhaka-1000  
Phone : 9554079  
e-mail: dtetrainingbwdb@gmail.com

স্মারক নং-৯৯-বাপাউবো(প্রশিক্ষণ)/২প্রঃ-৪/৯১(২য় খন্ড)

তারিখ : ১১/০২/২০১৯ খ্রিঃ

## দপ্তরাদেশ

ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি)-এর ৫৯ তম কনভেনশন আগামী ০১/০৩/২০১৯ খ্রিঃ হতে ০৫/০৩/২০১৯ খ্রিঃ পর্যন্ত ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি) এর সদর দফতর, রমনা, ঢাকা-তে অনুষ্ঠিত হবে। উক্ত কনভেনশনে যোগদানের জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সম্মানিত সকল প্রধান/প্রধান প্রকৌশলী ও অতিঃ প্রধান প্রকৌশলীগণকে অনুমতি প্রদান করা হলো।

- ২। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সম্মানিত সকল প্রধান/প্রধান প্রকৌশলী ও অতিঃ প্রধান প্রকৌশলীগণকে তাঁদের অধীনস্থ প্রতিটি সার্কেল/পরিদপ্তর হতে আইইবি'র সদস্যভুক্ত ৩(তিন) জন করে প্রকৌশলীকে উক্ত কনভেনশনে যোগদানের জন্য মনোনয়ন দানের ক্ষমতা প্রদান করা হলো। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড প্রকৌশলী সমিতির সদস্য, আইইবি'র কেন্দ্রীয় কাউন্সিল ও কার্যনির্বাহী পরিষদের সদস্যবৃন্দকে অগ্রাধিকার ভিত্তিতে প্রতি সার্কেলের অনুমোদিত কোটার মধ্যে অন্তর্ভুক্ত করতে হবে। এ প্রেক্ষাপটে কোনো সার্কেলে ৩(তিন) জনের অধিক সদস্য পাওয়া গেলে তাদের সকলকেই উক্ত সম্মেলনে যোগদানের অনুমতি প্রদান করা যাবে। তবে সে ক্ষেত্রে তিন জনের বেশী ভ্রমণ ভাতা ও দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।
- ৩। মনোনীত প্রকৌশলীগণের নামের তালিকা প্রশিক্ষণ পরিদপ্তরকে অবহিত করতঃ সরাসরি সম্মানী সম্পাদক, ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ, ঢাকা কেন্দ্র, আইইবি ভবন (২য় তলা), রমনা, ঢাকা-১০০০-এ ঠিকানায় প্রেরণ করতে হবে।
- ৪। মনোনীত প্রকৌশলীগণ উক্ত সম্মেলনে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের প্রতিনিধি হিসাবে বিবেচিত হবেন এবং কনভেনশনে যোগদানকালীন দাপ্তরিক কাজে নিয়োজিত বলে গণ্য হবেন। কনভেনশনে অংশগ্রহণের জন্য মনোনীত প্রতিনিধিগণ (প্রতি পরিদপ্তর/সার্কেল হতে অনধিক ৩ জন) বিধি মোতাবেক টিএ/ডিএ প্রাপ্য হবেন। কনভেনশনে অংশগ্রহণের জন্য নির্ধারিত রেজিস্ট্রেশন ফি স্ব-স্ব দপ্তর হতে পরিশোধ করতে হবে।
- ৫। এছাড়াও বাপাউবো'র ঢাকায় অবস্থিত বিভিন্ন দপ্তরে কর্মরত আইইবি-এর সদস্যভুক্ত সকল প্রকৌশলীগণকে উক্ত সম্মেলনে যোগদানের জন্য অনুমতি প্রদান করা হলো।
- ৬। এ আদেশ মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে জারী করা হলো।

  
(মোঃ আনোয়ারুল কারিম)

পরিচালক

পরিচিতি নং : ৬৪০৩০১০০১

ফোন : ০১৭৬২৬২০৩০৫


চলমান পাতা-২

স্মারক নং-৯৯(১০০)-বাপাউবো(প্রশিক্ষণ)/২প্রঃ-৪/৯১(২য় খন্ড)

তারিখ : ১১/০২/২০১৯ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

- ১। প্রধান, প্রশিক্ষণ ও কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
- ২। প্রধান/প্রধান প্রকৌশলী/অতিঃ প্রধান প্রকৌশলী-----
- ৩। সচিব, বাপাউবো, ঢাকা।
- ৪। প্রকৌশলী খন্দকার মঞ্জুর মোর্শেদ, সম্মানী সাধারণ সম্পাদক, ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ, সদর দফতর, রমনা, ঢাকা-১০০০। তাঁর স্মারক নং-সদ/আইইবি/জি/কন-৫৯/২০১৯/২২৩ তাং : ১৬/০১/২০১৯ খ্রিঃ এর বরাতে।
- ৫। পরিচালক/প্রকল্প পরিচালক/প্রকল্প ব্যবস্থাপক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী-----
- ৬। পরিচালক (হিসাব রক্ষণ/অর্থ), পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
- ৭। সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- ৮। সিস্টেম এনালিস্ট, সেন্ট্রাল আইসিটি সেল, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা। বোর্ড এর ওয়েব সাইটে (www.bwdb.gov.bd) প্রকাশের জন্য।
- ৯। ব্যাক প্রধান -----
- ১০। পিএ, অতিঃ মহাপরিচালক (প্রশাসন/ অর্থ/ পরিকল্পনা/পশ্চিমাঞ্চল/ পূর্বাঞ্চল) বাপাউবো, ঢাকা।
- ১১। অফিস/ মাস্টার কপি।

  
১১/০২/১৯  
(মোঃ মূর্শেদ সারোয়ার)  
সহকারী পরিচালক (স্থঃ প্রঃ)  
পরিচিতি নং : ৭৪০৪০৬০০১  
ফোন : ০১৮১৮-৩৯১২৩১